

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ সিয়াম ও রোযা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ঈদের চাঁদ কেউ একা দেখলে সে কি একা একা ঈদ করতে পারে?

ঈদের চাঁদ কেউ একা দেখলে সে কিন্তু একা একা ঈদ করতে পারে না। বরং চাঁদ দেখা সত্ত্বেও তাঁর জন্য রোযা রাখা ওয়াজেব। কেননা, শাওয়ালের চাঁদ দুই জন মুসলিম দেখার সাক্ষ্য না দেওয়া পর্যন্ত শরীয়তের দৃষ্টিতে প্রম হয় না। তা ছাড়া মহানবী (সঃ) বলেন, "ঈদ সেদিন, যেদিন লোকেরা ঈদ করে। কুরবানী সেদিন, যেদিন লোকেরা কুরবানী করে।" ২৪৩ (সহীহ তিরমিয়ী ৬৪৩, ইরওয়াউল গালীল ৯০৫ নং)

মতান্তরে যে ব্যক্তি একা চাঁদ দেখবে সে পরের দিন রোযা রাখবে না। যেহেতু মহানবী (সঃ)অয়াস বলেন, "তোমরা চাঁদ দেখে রোযা রাখো, চাঁদ দেখে রোযা ছাড়।" তবে প্রকাশ্যে নয়, বরং গোপনে ইফতার করবে না। যাতে সে জামাআত বিরোধী না হয়ে যায়। অথবা তাকে কেউ অসঙ্গত অপবাদ না দিয়ে বসে। আর আল্লহই অধিক জানেন। ২৪৪ (মুমতে ৬/৩২৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=191

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন